৬৯ ৭।২।২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৪০০.২০(অংশ-২).৩৮৮.২২-৫৪৪

তারিখঃ ২৪ মাঘ ১৪২৯ / ০৭ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়ঃ পিইডিপি৪-এর সাব-কম্পোনেন্ট ২.৫ 'আউট অব স্কুল চিলড্রেন' শিক্ষা কার্যক্রমের বাগেরহাট জেলার বাস্তবায়ন সহায়ক সংস্থা 'সুখী মানুষ' কর্তৃক দাখিলকৃত বিলের বিপরীতে অর্থ ছাড়করণ প্রসঙ্গে।

সূত্রঃ
১। অত্র দপ্তরের স্মারক নং ৩৮.০০.০০০০.৪০০.২০(অংশ-২).৩৮৮.২২-৩১০, তারিখ ২৩ জুন ২০২২।
২। জেউশিব্যু, বাগেরহাট জেলার স্মারক নং ৩৮.০০.০১০০.৩৬০.১৪.০০১.২১-১০, তারিখ ০২ ফেব্রুয়ারি ২০২৩।
৩। অত্র দপ্তরের স্মারক নং ৩৮.০০.০০০০.৩০৪.১৪.৪৩৪.২০২৩-৫৩, তারিখ ০৭ ফেব্রুয়ারি ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, পিইডিপি৪- সাব-কম্পোনেন্ট ২.৫ 'আউট অব স্কুল চিলড্রেন'এডুকেশন প্রোগ্রামের বাগেরহাট জেলার মাঠপর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন সহায়ক সংস্থা 'সুখী মানুষ' এর মাধ্যম বাস্তবায়িত হচ্ছে। গত ২৩ জুন ২০২২ তারিখ বিভিন্ন অভিযোগের পরিপ্রেক্ষিতে বর্ণিত ১নং সূত্রোস্থ স্মারকের মাধ্যমে যে নির্দেশনা দেয়া হয়েছিল তারই প্রেক্ষিতে সকল পক্ষের মধ্যে একটি সমঝোতা চুক্তি সম্পন্ন হয়েছে। সমঝোতা চুক্তির আলোকে বিধিগত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি-১: বর্ণনামোতাবেক ০২ (দুই) ফর্দ।

৭.২.২৩

(মোঃ আব্দুল মান্নান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-২২২২৮৭৮৯৫

সহকারী পরিচালক
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাগেরহাট।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (পরিকল্পনা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাগম, সচিবালয় ভবন, ৩য় ফেইজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৪। সিস্টেম এনালিষ্ট, উশিব্যু, (বরাদ্দপত্রটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। উপপরিচালক (পরি. ও মনি.), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮।
৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বাগেরহাট জেলা।
৭। সহকারী পরিচালক, (অর্থ ও লজি./ পরিকল্পনা/ বাস্তবায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮।
৮। নির্বাহী পরিচালক, সুখী মানুষ।
৯। অফিস কপি।

৭।২।২৩

(মোঃ রিপন কবীর লস্কর)
উপপরিচালক (বাস্তবায়ন, অর্থ ও লজি.)
ফোনঃ ০২-২২২২৯২৭৩৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০৪.১৪.৪৩৪.২০২৩-৫৬

তারিখ : ২৪ মাঘ ১৪২৯ / ০৭ ফেব্রু: ২০২৩

বিষয়ঃ গত ২৯/০১/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সমঝোতা সভার সিদ্ধান্ত অনুযায়ী বাগেরহাট জেলায় 'আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম' এর শিখন কেন্দ্র পরিচালনা প্রসঙ্গে।

সূত্র : নির্বাহী পরিচালক, 'সুখী মানুষ' এর ৩১/০১/২০২৩ তারিখের ১৯১ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলায় 'আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম' এর লীড ISA 'সুখী মানুষ' এবং পার্টনার এনজিওদের মধ্যকার সৃষ্ট জটিলতা নিরসন ও প্রকল্পের কাজ গতিশীল করার লক্ষ্যে গত ২৯/০১/২০২৩ খ্রি. তারিখে লীড ISA 'সুখী মানুষ' ও পার্টনার এনজিওদের মধ্যে সমঝোতা এবং নির্বাহী পরিচালক, 'সুখী মানুষ' এর আবেদনের প্রেক্ষিতে বাগেরহাট জেলায় নিম্নোক্ত ছকে শর্ত সাপেক্ষে পার্টনার এনজিও নির্দেশক্রমে অনুমোদন দেয়া হল:

| উপজেলা | পার্টনার এনজিওর নাম | কেন্দ্র সংখ্যা |
|---|---|---|
| রামপাল | সিডোপ | ৭০ টি |
| মোড়েলগঞ্জ | নীড় সেবা সংস্থা | ৩০ টি |
| | নিকেতন সেবা সংস্থা | ১৫ টি |
| | সমাজ প্রগতি সংস্থা | ১৫ টি |
| | সিডোপ সংস্থা | ১০ টি |
| কচুয়া | নিকেতন সেবা সংস্থা | ৪০ টি |
| | সমাজ প্রগতি সংস্থা | ৩৫ টি |
| মোংলা | নীড় সেবা সংস্থা | ৩৫ টি |
| | সিডোপ | ৩৫টি |
| বাগেরহাট সদর | সুখী মানুষ (লীড এনজিও) | ৬৫ টি |
| ফকিরহাট | সুখী মানুষ (লীড এনজিও) | ৭০ টি |
| মোল্লাহাট | সুখী মানুষ (লীড এনজিও) | ৭০ টি |
| চিতলমারী | সুখী মানুষ (লীড এনজিও) | ৭০ টি |
| | **মোট** | **৫৬০ টি** |

**শর্তাবলী:**

(ক) বাগেরহাট সদর, ফকিরহাট, মোল্লাহাট ও চিতলমারী উপজেলায় লীড ISA 'সুখী মানুষ' লীড এনজিও ৭০X৪=২৮০টি কেন্দ্রের পরিবর্তে ২৭৫টি কেন্দ্র পরিচালনা করবে।

(খ) সিডোপ সংস্থা ৭০X২=১৪০ টি কেন্দ্রের পরিবর্তে মোট ১১৫টি কেন্দ্রের কার্যক্রম পরিচালনা করবে। রামপাল ও মোংলা উপজেলায় মোট ৭০+৩৫=১০৫টি এবং মোড়েলগঞ্জ উপজেলায় ১০টি কেন্দ্র পরিচালনা করবে।

(গ) সিডোপ রামপাল উপজেলায় ৭০টি, মোংলা উপজেলায় ৩৫টি এবং মোড়েলগঞ্জ উপজেলায় ১০টি কেন্দ্র পরিচালনা করবে। মোড়েলগঞ্জ উপজেলায় প্রতিভা সংস্থার ৩০টি কেন্দ্র নীড় সেবা সংস্থা বাস্তবায়ন করবে।

চলমান পাতা-২

(i) ‘সুখী মানুষ’ বর্তমানে পরিচালিত ২৭৫টি শিখন কেন্দ্র পরিচালনা করবে। তবে ১০টি শিখন কেন্দ্রের উদ্বৃত্ত অর্থ সহকারী পরিচালক, বাগেরহাটকে অবহিত করে নিকেতন সেবা সংস্থা ও সমাজ প্রগতি সংস্থাকে লীড ISA ‘সুখী মানুষ’ প্রদান করবে।

(ii) ‘নিকেতন সেবা সংস্থা’ কচুয়া ও মোড়েলগঞ্জ উপজেলা ৪০+১৫=৫৫টি শিখন কেন্দ্র সরাসরি পরিচালনা করবে। ০৫টি শিখন কেন্দ্রের উদ্বৃত্ত অর্থ সহকারী পরিচালক, বাগেরহাটকে অবহিত করে লীড ISA “সুখী মানুষ” নিকেতন সেবা সংস্থাকে প্রদান করবে।

(iii) ‘নীড় সেবা সংস্থা’ মোংলা উপজেলায় ৩৫টি শিখন কেন্দ্র এবং মোড়েলগঞ্জ উপজেলায় ৩০টি শিখন কেন্দ্র সরাসরি পরিচালনা করবে।

(iv) ‘সমাজ প্রগতি সংস্থা’ কচুয়া ও মোড়েলগঞ্জ উপজেলায় ৩৫+১৫=৫০টি শিখন কেন্দ্র সরাসরি পরিচালনা করবে। ০৫টি শিখন কেন্দ্রের উদ্বৃত্ত অর্থ সহকারী পরিচালক, বাগেরহাটকে অবহিত করে লীড ISA “সুখী মানুষ” সমাজ প্রগতি সংস্থাকে প্রদান করবে।

(v) মহামান্য হাইকোর্টের নির্দেশনানুযায়ী বাস্তবায়ন সহায়ক সংস্থা ‘সুখী মানুষ’ এবং তার সহযোগী সংস্থার মধ্যে এই সমঝোতা চুক্তি স্বাক্ষরের পরবর্তী দিন বাগেরহাট জেলার প্রকল্পের সকল বকেয়া বিল সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাগেরহাট নিজ দায়িত্বে ছাড় করবেন।

(vi) বাগেরহাট জেলার আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম বাস্তবায়ন সহায়ক সংস্থা ‘সুখী মানুষ’ এবং তার সহযোগী সংস্থাগুলোর মধ্যে উপরোক্ত সিদ্ধান্ত ১ ফেব্রুয়ারি/২০২৩ তারিখ হতে কার্যকর হবে।

(vii) বাস্তবায়ন সহায়ক সংস্থা ‘সুখী মানুষ’ এবং তার সকল পার্টনার এনজিও উপরোক্ত সিদ্ধান্ত মেনে নিয়ে কার্যক্রম পরিচালনা করবেন বলে ঐক্যমত হয়।

(viii) বাগেরহাট জেলার কার্যক্রম সংক্রান্ত লীড ও পার্টনার এনজিও কর্তৃক দায়েরকৃত সকল মামলা ও বিভিন্ন দপ্তরে দাখিলকৃত অভিযোগসমূহ প্রত্যাহার করে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোকে অবহিত করবে।

(ix) বাগেরহাট জেলার আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কাযক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও নিয়মমাফিক সরকারি অর্থ প্রাপ্তির ক্ষেত্রে লীড ISA ও সংশ্লিষ্ট সকল পার্টনার এনজিও একে অপরকে সহযোগিতা করতে বাধ্য থাকবে।

(x) লীড ISA সহ কোন্ পার্টনার এনজিও কখন কার্যক্রম শুরু করেছে তার বিস্তারিত বিবরণ চুক্তিপত্রের ছক অনুযায়ী উল্লেখ করে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোকে অবহিত করতে হবে।

| ক্র: নং | বিভাগের নাম | জেলার নাম | লীড এনজিওর নাম | উপজেলার নাম | লীড/পার্টনার এনজিও'র নাম | লক্ষ্যমাত্রা অনুযায়ী শিখন কেন্দ্রের সংখ্যা | শিখন কেন্দ্র চালুর তারিখ | মোট কেন্দ্র | শিক্ষার্থী সংখ্যা | | | শিক্ষক/শিক্ষিকার সংখ্যা | | | সুপারভাইজারের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বালক | বালিকা | মোট | শিক্ষক | শিক্ষিকা | মোট | | |
| | | | | | | | | | | | | | | | | |

(xi) কখন কার্যক্রম শুরু হবে তার সুনির্দিষ্ট প্রস্তাবনা চুক্তিপত্রে উল্লেখ থাকতে হবে।

(xii) মোংলা উপজেলায় ০২(দুই) জন উপজেলা প্রোগ্রাম ম্যানেজার নিয়োজিত থাকবে। অবশিষ্ট ১ (এক) জন উপজেলা প্রোগ্রাম ম্যানেজারের বেতন ভাতাদি উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো বিধি মোতাবেক সমন্বয় করার প্রচেষ্টা গ্রহণ করবে।

চলমান পাতা-৩

(xiii) বকেয়া হিসাব বিধি মোতাবেক পরবর্তীতে কাগজপত্র পর্যালোচনা করে সম্পন্ন করা হবে।

মোঃ রিপন কবীর লস্কর
উপ-পরিচালক (বাস্তবায়ন)

নির্বাহী পরিচালক
সুখী মানুষ, ১৪২, ভি আইপি রোড
(তানিয়া কমিশনারের বাড়ি)
ওয়ার্ড নং-০৯, খারদ্বার রোড, বাগেরহাট।

অনুলিপি:

১। জেলা প্রশাসক, বাগেরহাট।
২। মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় সচিব এর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/রামপাল/মোড়েলগঞ্জ/কচুয়া/মোংলা/ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী, বাগেরহাট।
৫। নির্বাহী পরিচালক/চেয়ারম্যান, সিডোপ/নীড় সেবা সংস্থা/নিকেতন সেবা সংস্থা/সমাজ প্রগতি সংস্থা, বাগেরহাট।
৬। মহাপরিচালক এর ব্যাক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। পরিচালক (প্রশাসন, অর্থ ও বাস্ত:) এর ব্যাক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি।